

প্রেস বিজ্ঞপ্তি

২৩ জুন ২০২৪

বাউবিতে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ ২৩ জুন ২০২৪ রবিবার দেশের অন্যতম প্রাচীন রাজনৈতিক সংগঠন আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে সকালে বাউবির গাজীপুর ক্যাম্পাসে বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের উদ্যোগে একটি বর্ণাঢ্য আনন্দ র্যালী পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এ সময় সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি আশিক বিশ্বাস, সাধারণ সম্পাদক ড. মো. শহীদুর রহমানসহ ফোরামের সকল নেতৃবৃন্দ এবং বাউবির শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ র্যালিতে অংশ নেন। র্যালি শেষে সকলকে মিষ্টিমুখ করানো হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে সংগঠিত এই দলের নেতৃত্বে ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভ করে।

বেউদ্দিন

(আ.ফ.ম. ড. মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)